

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন (আইটি শাখা)
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।
br.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪.০০০০.১০৩.৩২.০০১.১৭-২০১৮


তারিখঃ ০১-১২-১৪২৪
১৫-০৩-২০১৮

বিষয় : জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ ইস্যু বা সংশোধনের আবেদন অগ্রায়ন না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার জন্ম ও মৃত্যু নিবন্ধন পদ্ধতি সহজিকরণের লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৭ রহিতপূর্বক ০৮ মার্চ, ২০১৮ তারিখে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ জারি করে। নতুন জারিকৃত বিধিমালা বিধি ৯-এ জন্ম নিবন্ধন এবং বিধি ১১-এ মৃত্যু নিবন্ধনের বিষয়ে বিস্তারিত বর্ণনা রয়েছে। উক্ত বিধি মোতাবেক জন্ম বা মৃত্যু নিবন্ধনের ক্ষমতা সংশ্লিষ্ট নিবন্ধকের উপর ন্যাস্ত করা হয়েছে। এ ক্ষেত্রে পূর্বের ন্যায় নির্ধারিত সময়ের পরে জন্ম বা মৃত্যু নিবন্ধনের জন্য কোন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণের প্রয়োজন হবে না। এতদ্ব্যতীত নতুন জারিকৃত বিধিমালা, ২০১৮-এর বিধি ১৫-এ জন্ম বা মৃত্যু সনদ সংশোধন ও বাতিলের বিষয়ে বিস্তারিত বর্ণনা রয়েছে। উক্ত বিধিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪-এর ধারা ১৫-এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক রেজিস্ট্রার জেনারেল অথবা তার পক্ষে অন্য কোন ক্ষমতাসম্পন্ন কর্মচারীর নিকট হতে কারিগরি সহায়তা গ্রহণ করে জন্ম বা মৃত্যু সনদ বাতিল বা সংশোধনের বিধান রাখা হয়েছে।

০২। নতুন জারিকৃত বিধিমালা, ২০১৮ অনুযায়ী জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ আইনের ১৫ ধারা অনুসরণপূর্বক সংশোধনের লক্ষ্যে প্রাথমিকভাবে জেলা প্রশাসকগণকে কারিগরি সহায়তা প্রদানের জন্য এ কার্যালয় হতে উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)-এর অনুকূলে বরাদ্দকৃত User ID-এ জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ সংশোধনের সুবিধা প্রদান করা হয়েছে। ডিডিএলজি জেলা প্রশাসকের অনুমোদনক্রমে জন্ম বা মৃত্যু সনদ সংশোধন করতে পারবেন।

০৩। বর্ণিতাবস্থায়, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ ইস্যুর অনুমোদন বা সংশোধনের বিষয়ে কোন আবেদন এ কার্যালয়ে প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো।


(জ্যোতির্ময় বর্মণ)

রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)

জন্ম ও মৃত্যু নিবন্ধন

ফোনঃ ৯৫৫৬৬০৬

ই-মেইলঃ onlinebris@gmail.com

বিতরণ: কার্যার্থে:

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল),.....।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার (সকল),.....বিভাগ।

৩। জেলা প্রশাসক (সকল),.....জেলা।